


নৈতিকতা কমিটির মাসিক সভার প্রতিবেদন

বিষয় : “সরকারী কর্মচারীদের ঐচ্ছিক ছুটি সংক্রান্ত”
সময় : সকাল ১০:৩০ থেকে ১১:৩০ ঘটিকা পর্যন্ত
তারিখ : ৩১/০১/২০২১ খ্রিঃ
সভাপতি : সিনিয়র প্ল্যানার ও সভাপতি, নৈতিকতা কমিটি, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস, সিলেট

উপস্থিতির তালিকা ‘ক’ তে সংযুক্ত করা হলোঃ

সভার শুরুতে সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে এর কার্যক্রম সম্পর্কে আলোকপাত করেন এবং সদস্য-সচিব, মো: নুরুজ্জামান ভূইয়া, রেখাকারকে এ বিষয়ে কিছু পাঠ করার ও বলার জন্য অনুরোধ করেন। সদস্য-সচিব জনাব মোহাম্মদ ফিরোজ মিয়া রচিত চাকুরীর বিধানাবলী (বর্ধিত ও সংশোধিত), এক্ষত্ৰিতম সংস্করণ এর পৃষ্ঠা-১৫৯ এ উল্লেখিত সাধারণ ও সরকারী ছুটির আওতাধীন ঐচ্ছিক ছুটির বিষয়ে সরকারী বিধান তুলে ধরেন। তিনি জানান যে, প্রতি সরকারী কর্মচারী বৎসরে তাঁর নিজ ধর্ম মোতাবেক সরকারী ঘোষণাকৃত ধর্মীয় বিভিন্ন পর্বের ছুটি হতে ০৩ (তিন) দিন তাঁর ইচ্ছামতো ছুটি ভোগ করতে পারবেন। তবে ছুটির তালিকা বৎসরের শুরুতে যথাযথ কর্তৃপক্ষ হতে অনুমোদন করে নিতে হবে। অন্যান্য ছুটির সাথে যোগ করেও এ ছুটি ভোগ করা যাবে। সিনিয়র প্ল্যানার সভাকে জানান যে, ঐচ্ছিক ছুটি নির্বাচনে সাধারণ Norms হিসেবে দপ্তর ফাঁকা করে সকলে ছুটি ভোগ করার ইচ্ছা প্রকাশ যুক্তিসংগত হবে না। তিনি যাদের বাড়ী অত্র অফিস হতে দূরবর্তী জেলায় তাঁদের ক্ষেত্রে তাঁদের ছুটির সাথে ঐচ্ছিক ছুটি নিতে ইচ্ছুক থাকলে তাদের অগ্রাধিকার দেয়ার পক্ষেও মত দেন। সকলে এ বিষয়ে একমত হন।

পরিশেষে সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


31/01/2021

(শাহীন আহম্মেদ)
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক অফিস, সিলেট
ফোনঃ ০৮২১-৭২৯০৮৯

৩১/০১/২০২১ তারিখে নৈতিকতা কমিটির মাসিক সভায় উপস্থিতির তালিকা

ক্র: নং:	কর্মকর্তা/কর্মচারীর নাম	পদবী	স্বাক্ষর ও তারিখ
১	জনাব শাহীন আহম্মেদ	সিনিয়র প্ল্যানার ও সভাপতি, নৈতিকতা কমিটি	<i>S. Aeen Ahmed</i> 31/01/2021
২	জনাব বাদশা মিয়া	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	<i>বাদশা</i> ৩১/০১/২০২১
৩	জনাব মো: নুরুজ্জামান ভূইয়া	রেখাকার ও সদস্য সচিব, নৈতিকতা কমিটি	<i>নুরুজ্জামান</i> ৩১/০১/২০২১
৪	জনাব মো: রুবেল হোসেন	সার্ভেয়ার	<i>রুবেল হোসেন</i> ৩১/০১/২০২১
৫	জনাব আমির হামজা	খালাসী	<i>আমির</i>